

রাজভবনের সমাদর সম্মান ছেড়ে
এল আমাদের সখী ।
দেরি কোরো না, দেরি কোরো না, দেরি কোরো না—
কেমনে যাবে অজানা পথে
অন্ধকারে দিক্‌ নিরখি হয় ।
অচেনা প্রেমের চমক লেগে
প্রলয়রাতে সে উঠেছে জেগে— অচেনা প্রেমে ।
ধ্রুবতারাকে পিছনে রেখে
ধূমকেতুকে চলেছে লখি হয় ।
কাল সকালে পুরোনো পথে
আর কখনো ফিরিবে ও কি হয় ।
দেরি কোরো না, দেরি কোরো না, দেরি কোরো না ॥

Parjaay: Shyama, Taal: Dadra, Raag: Sohini

Visit www.geetabitan.com for notation and other detail